

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.১২৪.১৭-৬১৮২


তারিখঃ ২৪.০৬.২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

এলজিইডি'র সর্বস্তরে কাজের গতিশীলতা, জনবলের সুষম বন্টন, ভিন্ন ভিন্ন পদে কাজের অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ও প্রশাসনিক কারণে জনস্বার্থে সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বদলি করা হয়ে থাকে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীগণ বদলির আদেশ প্রদানকৃত কর্মস্থলে যোগদান না করে আদেশ পরিবর্তন, বদলানো, সংশোধন ও বাতিলের জন্য বিভিন্ন মহল হতে তদবির করে প্রশাসনিক জটিলতা সৃষ্টি করছেন; যা সরকারি কর্মচারী(আচরণ) বিধিমালা, ১৯৭৯ পরিপত্রি। এমনকি তাৎক্ষণিক বদলিকৃত (স্ট্যান্ড রিলিজ) কোন কোন কর্মকর্তা/কর্মচারীও জারীকৃত বদলি আদেশের নির্ধারিত তারিখে যোগদান না করে বদলির আদেশ বাতিল বা যুক্তিসঙ্গত সময় অতিবাহিত হওয়া সত্ত্বেও নূতন কর্মস্থলে যোগদান হতে বিরত থাকেন এবং বদলির আদেশ বাতিলের জন্য আবেদন ও কর্তৃপক্ষের উপর বিভিন্নভাবে অযৌক্তিক চাপ সৃষ্টি করে শৃঙ্খলা ভঙ্গ করেন।

এমতাবস্থায়, কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল বদলির আদেশ মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে অব্যাহতি গ্রহণপূর্বক বদলিকৃত কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যত্যয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের কারণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ আব্দুর রশীদ খান) ২৪.০৬.২০২০
প্রধান প্রকৌশলী
ফোন : ৯১২৪০২৭
ই-মেইল : ce@lged.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী.....বিভাগ, এলজিইডি, জেলাঃ.....।
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....অঞ্চল, এলজিইডি, জেলাঃ.....।
- (৫) প্রকল্প পরিচালক....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ.....।
- (৭) সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ....., জেলাঃ.....।